# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড : 143

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে]

১. পুরান ঢাকার জুয়েল ওয়েল্ডিং মেশিনের দোকান দিয়েছেন। তিনি ক্রেতাদের ফরমায়েশ অনুযায়ী জানালার গ্রিল, গাড়ির যন্ত্রাংশসহ অনেক কিছু তৈরি করেন। অন্যদিকে তার বন্ধু ফরহাদ মুদির দোকান দিয়েছে। নানান উৎস থেকে বিভিন্ন ধরনের মাল কিনে এনে বাজারে বিক্রয় করেন। প্রতিদিন পণ্য সংগ্রহ আর বিভিন্ন ধরনের গ্রাহকের সাথে লেনদেন তার ব্যস্ততা জুয়েলের চেয়ে অনেক বেশি।

ক. ব্যবসায়কে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়েছে? ১

খ. বাংলাদেশের ব্যবসায়িক পরিবেশের প্রাকৃতিক উপাদান সম্পর্কে লিখ। ২

গ. জুয়েলের কাজ কোন শিল্পের অন্তর্গত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ফরহাদের ব্যবসায়ের কাজ জুয়েলের ব্যবসায়ের কাজ অপেক্ষা কষ্টকর— তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২. মি. শফিয়ার রহমান যশোর হেড পোস্ট অফিসের সামনে 'বৃষ্টি কম্পিউটার কম্পোজ এন্ড ট্রেনিং সেন্টার' নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার ব্যবসায়টি লাভজনকভাবে চললেও অধিক লাভের আশায় তার প্রতিষ্ঠানের ২ জন প্রশিক্ষককে ৩ মাসের জন্য কম্পিউটারের ওপর উন্নত প্রশিক্ষণ গ্রহণের সুযোগ করে দিলেন। প্রশিক্ষণ গ্রহণ শেষ হলে দেখা গেল মি. শফিয়ারের ব্যবসায় প্রতিষ্ঠানের আয় পূর্বের চেয়ে অনেক বেড়ে গেল।

ক. বেকারদের কোন ভিত্তিক চাকরির কাজে লাগানো যায়? ১

খ. ব্যর্থতা থেকে শিক্ষা গ্রহণ বলতে কী বোঝ? ২

গ. মি. শফিয়ার রহমান 'বৃষ্টি কম্পিউটার কম্পোজ এন্ড ট্রেনিং সেন্টার' গড়ে তোলার প্রারম্ভে কোন কাজ করেছিলেন? বর্ণনা কর। ৩

ঘ. মি. শফিয়ার রহমানের ব্যবসায়ের আয় পূর্বের চেয়ে অনেক বেড়ে যাওয়ার কারণটি বিশ্লেষণ কর। ৪

৩. ইউনিলিভার মানসম্পন্ন পণ্য সরবরাহ করে সারা বিশ্বেই ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানিটি এমন একটি চুক্তি সম্পাদন করছে যার ফলে অন্য কোনো কোম্পানি ইউনিলিভারের পণ্য নকল করে বাজারে সরবরাহ করতে পারছে না। ফলে কোম্পানিটি বছরের পর বছর একচেটিয়া ব্যবসায় করে যাচ্ছে। কোম্পানিটির পণ্য সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি মোড়কের ওপর ট অক্ষরটি ব্যবহার করা হয়।

ক. মার্ক বা প্রতীকের মূল বিষয় কী?

খ. বিএসটিআই-এর কাজগুলো লেখ। ২

গ. কোন ধরনের চুক্তি সম্পাদনের ফলে ইউনিলিভার একচেটিয়া ব্যবসায় করছে? বর্ণনা কর। ৩

ঘ. ইউনিলিভারের প্রতিটি মোড়কের ওপর U সংবলিত লেখা দ্বারা কী বোঝানো হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. শিমুল, জামাল, ছালাম তিনজন মিলে সমঝোতার ভিত্তিতে একটি সেলুন চালায়। তাদের সমঝোতার বিষয় হলো শিমুল ব্যবসায়ের সকল মূলধন দেবে ও সকল ঝুঁকি সে একাই বহন করবে এবং জামাল ও ছালাম সেলুনে কাজ করে প্রতিদিন যে আয় করবে তার নির্দিষ্ট অংশ পাবে। জামাল ও ছালামের মর্যাদা সম্পর্কে প্রশ্ন উঠলে আদালত ঘোষণা করে সমঝোতার বিষয়বস্তু না পাল্টালে তারা কর্মচারী বলেই বিবেচিত হবে।

ক. ঘুমন্ত অংশীদার কে? ১

খ. অংশীদারি চুক্তিপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ব্যবসায়টি কার্যত কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জামাল ও ছালামকে কর্মচারী ঘোষণা দেওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৫. নাজমা বেগম তার স্বামী ও তিন মেয়ে নিয়ে সমুদ্রতীরবর্তী এলাকায় বাস করেন। স্বামী মাছ ধরে যা পায় তা দিয়ে সংসার ভালোভাবে চলে না। তাই নাজমা বেগম সমুদ্রতীর থেকে ঝিনুক কুড়িয়ে এনে মালা, অলংকার, খেলনা ও বিভিন্ন ধরনের শোপিস তৈরি করে পার্শ্ববর্তী বাজারে বিক্রয় করেন। এজন্য তার দুই মেয়ে তাকে সাহায্য করে। তার পণ্যগুলোর মান ভালো হওয়ায় বিক্রি বেশ ভালো হয় এবং পরিবারেও বেশ সচ্ছলতা এসেছে। তিনি এখন তার ছোট মেয়েকে স্কুলে পাঠাচ্ছেন।

ক. উৎপাদিত পণ্য বিক্রয় ও বিপণনের জন্য কী প্রয়োজন? ১

খ. শিল্পের বিকাশ বাধাগ্রস্ত হওয়ার অন্যতম কারণটি সম্পর্কে লেখ। ২

গ. নাজমা বেগমের ঝিনুক দিয়ে বিভিন্ন জিনিস তৈরি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে কি নাজমা বেগমের শিল্পটির ভূমিকা রাখছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. জনাব হাবিব নিজের ব্যবসায় সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে আকর্ষণীয় বাজার ও ব্যবসায়ের ভবিষ্যৎ সম্ভাবনার কথা মাথায় রেখে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার চিন্তা-ভাবনা ব্যবসায় পরিচালনা সহজ করেছে এবং ব্যবসায়ে দিন দিন উন্নতি লাভ করছেন।

ক. ব্যবসায়ীর দিকনির্দেশক দলিল কোনটি? ১

খ. বিপণন বলতে কী বোঝায়? ২

গ. জনাব হাবিবের নিজের ব্যবসায়ের সক্ষমতা যাচাইয়ের প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. হাবিবের ব্যবসায়ের সাফল্যের নীলনকশাটি বিশ্লেষণ কর। ৪

৭. সাফিন ঝুট ব্যবসায়ী। নারায়ণগঞ্জের বিভিন্ন গার্মেন্টস থেকে তিনি ঝুট সংগ্রহ করেন। এরপর সাইজ অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করে তা গাজীপুরে সরবরাহ করেন। যারা বাচ্চাদের কাপড়-চোপড় প্রস্তুত করে তারা এখান থেকে সুবিধামতো এগুলো ক্রয় করে নিয়ে যায়। নতুন পণ্য

প্রস্তুত হয়ে তা বাজারে আসে। সাফিন ভাবেন, ঝুট সামান্য পণ্য নয় বরং তা অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ক. পণ্য কাদের জন্য উৎপাদিত হয়? ১

খ. মালিকানাগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ২

গ. সাফিন ঝুট সংগ্রহের পর বিপণনের কোন কাজ সম্পাদন করেন— তা ব্যাখ্যা কর। ৩

ঘ. গাজীপুরের ব্যবসায়ীরা ঝুটকে কোন ধরনের পণ্য হিসেবে বিক্রয় করেন বলে তুমি মনে কর। ৪

৮. জনাব রহিম মিয়া কৃষি কাজ করেন। কিন্তু এতে তার সংসার ঠিকমতো চলছিল না। তার বাড়ির পাশে একটি পুকুর পরিত্যক্ত অবস্থায় ছিল। তিনি সিদ্ধান্ত নিলেন তাতে তিনি মাছ চাষ করবেন। যাবতীয় পরামর্শের জন্য তিনি বিডিবিএল-এর শরণাপন্ন হলেন। বিডিবিএলের সহায়তায় তিনি কৃষি ব্যাংক থেকে ঋণ নিয়ে মাছের চাষ শুরু করলেন এবং ধীরে ধীরে তার পরিবারে সচ্ছলতা আসতে শুরু করল।

ক. বিডিবিএল-এর পূর্ণরূপ কী? ১

খ. বেসিক ব্যাংক কখন থেকে নিবন্ধিত ও পরিচালিত? ২

গ. জনাব রহিম মিয়া কীভাবে তার পরিবারে সচ্ছলতা আনতে সমর্থ হলেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. পারিবারিক সচ্ছলতায় বিডিবিএল-এর ভূমিকা অপরিসীম— কথাটির তাৎপর্য ব্যাখ্য কর। ৪

৯. সহিদ নিজের স্বল্প কিছু জমানো টাকা দিয়ে ছোট আকারে গাছের চারা উৎপাদন ও বিক্রি শুরু করে। শ্রমিক প্রয়োজন হওয়ায় সে দুই জন আত্মীয়কে নিয়োগ দেয়। মাস ছয়েকের মধ্যেই সে ব্যাপক ক্ষতির মুখে পড়ে। কারণ গাছের চারা উৎপাদনে পর্যাপ্ত মান রক্ষিত হয়নি। পরবর্তীতে আবার নতুন করে গাছের চারা উৎপাদন শুরু করে। এ সময় সে ব্যাংক থেকে অর্থ ঋণ নেয়। নার্সারিটি বড় আকারের হওয়ায় বেশ কয়জন অভিজ্ঞ শ্রমিককে সে তার অধীনে নিয়োগ দেয়। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে এবার সে আত্মীয়তার সম্পর্ক বা ব্যক্তিগত পরিচয় বিষয়টি বিবেচনায় নেয়নি। ১ বছর পর দেখা গেল তার উৎপাদিত চারা সকলের কাছে গ্রহণযোগ্যতা পেল।

ক. ক্রিসেন্ট ইন্টারন্যাশনাল লিঃ-এর উদ্যোক্তা কে? ১

খ. উদ্যোক্তার ব্যক্তিত্ব সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. গাছের চারা উৎপাদনের সফলতার কোন গুণটি সহিদকে সহায়তা করছে? বর্ণনা কর। ৩

ঘ. আত্মকর্মসংস্থানের কোন বিষয়টি পরবর্তীতে সহিদকে সফলভাবে গাছের চারা উৎপাদনে অনেকাংশে সাহায্য করেছে? মতামত দাও। ৪

TeachingBD.com

# ব্যবসায় উদ্যোগ : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড : 1 4 3

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ব্যবসায়ের উৎপত্তির মূল কারণ হলো—
ক মুনাফা অর্জন   খ মানুষের অভাববোধ
গ বাজার সৃষ্টি   ঘ শিল্প বিপ্লব

২. উৎপাদনের বাহন কোনটি?
ক পরিবহন   খ বাণিজ্য
গ শিল্প   ঘ প্রত্যক্ষ সেবা

৩. নিচের কোনটিতে অমিল পরিলক্ষিত হয়?
ক বস্ত্রশিল্প   খ সিমেন্ট শিল্প
গ পর্যটন শিল্প   ঘ চিনি শিল্প

৪. নকশীকাঁথা কোন শিল্পের অন্তর্গত?
ক তাঁতশিল্প   খ বস্ত্রশিল্প
গ হস্তশিল্প   ঘ নির্মাণ শিল্প

৫. যে কোনো অর্থনৈতিক কাজ ব্যবসায়ের অন্তর্ভুক্ত হবে যদি—
i. জীবিকা নির্বাহের জন্য করা হয়
ii. মুনাফা অর্জনের জন্য করা হয়
iii. বিনোদনের জন্য করা হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

৬. কাশেম পঞ্চাশ হাজার টাকা পুঁজি নিয়ে চকবাজারে একটি বিরিয়ানির হোটেল চালু করেন। তার ব্যবসায়টি ব্যবসায়ের কোন শাখার অন্তর্ভুক্ত হবে?
ক সেবাশিল্প   খ উৎপাদন শিল্প
গ নিষ্কাশন শিল্প   ঘ প্রজনন শিল্প

৭. অতীতকাল থেকে আজ পর্যন্ত এদেশে জামদানি শাড়ির চাহিদা বিদ্যমান এটি ব্যবসায়িক পরিবেশের কোন উপাদানের অন্তর্গত?
ক অর্থনৈতিক   খ প্রযুক্তিগত
গ প্রাকৃতিক   ঘ সামাজিক

৮. ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য হলো—
ক উৎপাদন   খ বাজারজাতকরণ
গ মুনাফা অর্জন   ঘ চুক্তি

৯. প্রতীকের ক্ষেত্রে নিচের কোনটি অসামঞ্জস্য?
ক রং   খ নাম   গ ব্যান্ড   ঘ মোড়ক

১০. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে উদ্যোক্তার প্রয়োজনীয়তা অনেক কেননা—
ক বৈদেশিক মুনাফা অর্জনের জন্য
খ অর্থনৈতিক উন্নয়নের জন্য
গ ব্যবসায়ের অভিজ্ঞতার জন্য
ঘ মূলধন সংগ্রহের জন্য

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :
গাজীপুরের শ্রীপুর উপজেলায় জয়বর্মণ নিজস্ব পুঁজি নিয়ে মাছের চাষ শুরু করেন। কঠোর শ্রম, বুদ্ধিমত্তা ও অধ্যবসায়ের ফলে তিনি সফল হন। বর্তমানে তিনি উপজেলার কয়েকটি মৎস্য চাষ প্রকল্প প্রতিষ্ঠা করে অনেক বেকার যুবকের চাকরির ব্যবস্থা করেন।

১১. কঠোর পরিশ্রম একজন উদ্যোক্তার কোন ধরনের বৈশিষ্ট্য?
ক ব্যক্তিগত   খ সামাজিক
গ মনস্তাত্ত্বিক   ঘ অর্থনৈতিক

১২. জয়বর্মণের এরূপ উদ্যোগের ফলে সৃষ্টি হয়েছে—
i. আর্থসামাজিক উন্নয়ন
ii. বেকারত্ব হ্রাস
iii. মুদ্রাস্ফীতিরোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

১৩. কোন কর্মক্ষেত্র থেকে আয় বৃদ্ধির সম্ভাবনা অসীম?
ক চাকরি   খ আত্মকর্মসংস্থান
গ শিক্ষা   ঘ ঝুঁকি

১৪. পণ্য উৎপাদনের সার্থকতা নির্ভর করে কিসের উপর?
ক বিক্রয় করে মুনাফা অর্জনের ওপর
খ গুদামজাতকরণের
গ ক্রয়-বিক্রয়ের ওপর   ঘ মোড়কীকরণের ওপর

১৫. বিপণনের অংশ হিসেবে স্বত্বগত উপযোগ সৃষ্টিতে সাহায্যের প্রয়োজন হয়—
i. পাইকারের
ii. খুচরা ব্যবসায়ীর
iii. উৎপাদনকারীর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

১৬. "মেলামেশার ক্ষমতা" একজন আদর্শ বিক্রয় কর্মীর কী ধরনের গুণাবলি?
ক শারীরিক   খ মানসিক
গ শারীরিক ও মানসিক   ঘ নৈতিক

১৭. ডাচ-বাংলা ব্যাংক দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করে। এ শিক্ষা বৃত্তি প্রদান ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব?
ক ব্যবসায়িক   খ জাতীয়
গ সামাজিক   ঘ মানবিক

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :
দাবির, খাবির ও কবির তিন বন্ধু সমান মূলধন নিয়ে অংশীদারি ব্যবসায় শুরু করে। তিনজন সমান মুনাফা পেলেও কবির ব্যবসায় পরিচালনায় অংশ নেয় না। পারিবারিক দেনার কারণে কবির দেউলিয়া ঘোষিত হওয়ায় অংশীদারি ব্যবসায়ের বিলোপ সাধন ঘটলো।

১৮. উদ্দীপকে অংশীদারি ব্যবসায়ের কবির কীরূপ প্রকৃতির অংশীদার?
ক নামমাত্র অংশীদার   খ সীমিত অংশীদার
গ আপাতদৃষ্টিতে অংশীদার   ঘ ঘুমন্ত অংশীদার

http://teachingbd.com

১৯. উদ্দীপকে উল্লেখিত পরিস্থিতিতে ব্যবসায়টি বিলোপ সাধন প্রক্রিয়াটি সম্পন্ন হবে—
ক অংশীদারি আইনের ৪০ ধারায়
খ অংশীদারি আইনের ৪১ ধারায়
গ অংশীদারি আইনের ৪২ ধারায়
ঘ অংশীদারি আইনের ৪৩ ধারায়

২০. ব্যবস্থাপনা কাজের মধ্যে সেতুবন্ধ হিসেবে ভূমিকা পালন করে—
ক পরিকল্পনা খ নির্দেশনা
গ প্রেষণা ঘ নিয়ন্ত্রণ

২১. পরিকল্পনা বাস্তবায়নে কী ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়?
ক সময় ও ব্যয়সাপেক্ষ খ তথ্য সংগ্রহ বিশ্লেষণ
গ কার্যপদ্ধতি স্থিরকরণ ঘ সর্বত্তোম বিকল্প গ্রহণ

২২. কোন কাজের জন্য ব্যবসায় পরিকল্পনা একটি উত্তম দলিল হিসেবে কাজ করে?
ক পরিচালনার জন্য খ মূলধন সংগ্রহের জন্য
গ বাস্তবায়নের জন্য ঘ ব্যবস্থাপনার জন্য

২৩. একটি সুসম ব্যবস্থায় পরিকল্পনায় কতটি গাইড লাইন অনুসরণ করতে হয়?
ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি

২৪. সমআয়-ব্যয় বিন্দু জানা থাকলে সম্ভব হয়—
i. পণ্যের সঠিক মূল্য নির্ধারণ
ii. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি
iii. মুনাফা পরিকল্পনা প্রণয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. উদ্যোক্তা শাহিদা বেগমের জন্য নিচের কোন উক্তিটি যুক্তিযুক্ত?
ক শখ বা পরিকল্পনা করা
খ নিতান্ত প্রয়োজনে
গ কৃতিত্ব অর্জনের জন্য
ঘ পূর্ব অভিজ্ঞতায় সফল উদ্যোক্তা হতে

২৬. স্যামসন এইচ চৌধুরী কতসালে ঔষধ কারখানা স্থাপনের লাইসেন্স পান?
ক ১৯৫২ সালে খ ১৯৫৮ সালে
গ ১৯৬০ সালে ঘ ১৯৬৪ সালে

২৭. লুৎফা সানজিদা ২০০৪ সালে প্রতিষ্ঠা করেন—
ক একিট শোরুম খ প্রতিবন্ধী প্রশিক্ষণকেন্দ্র
গ বিউটি পার্লার ঘ অনিন্দ্য বুটিক সেন্টার

২৮. লুৎফা সানজিদা কোন প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছিলেন?
ক ব্যাংক থেকে খ গ্রামীণ ব্যাংক থেকে
গ মাইডাস থেকে ঘ প্রশিকা থেকে

২৯. আত্মবিশ্লেষণ চার্টে কত নম্বর পেলে একজন উদ্যোক্তার ইচ্ছাশক্তি তীব্র নয় বলে ধরা হয়?
ক ৭ এর নিচে হলে খ ৮ এর নিচে হলে
গ ১০ এর নিচে হলে ঘ ১১ এর নিচে হলে

নিচের উদ্দীপকটি পড় এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব মাসুদ পাটের জিনতত্ত্ব আবিষ্কারের জন্য গবেষণা সচেষ্ট হলেন। এ ক্ষেত্রে একটি সরকারি সাহায্যকারী প্রতিষ্ঠান তাকে সহায়তা করলো এবং তার আবিষ্কারকে কাজে লাগানোর প্রতিশ্রুতি প্রদান করলো।

৩০. জনাব মাসুদকে সহায়তাকারী প্রতিষ্ঠানের নাম হলো—
ক বিসিক খ বিডিবিএল
গ বিসিএসআই আর ঘ বিটাক

৩১. বাংলাদেশ বিজ্ঞান ও গবেষণা পরিষদ তার আবিষ্কারকে কী ভাবে কাজে লাগাবে?
ক সামাজিকভাবে খ বাণিজ্যিকভাবে
গ মানবিকভাবে ঘ অর্থনৈতিকভাবে

৩২. বিটাকের আঞ্চলিক কেন্দ্র কয়টি?
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি

৩৩. মি. রাজিবের ঢাকার সাভারে ইপিজেড এলাকায় একটি সুয়েটার কারখানা আছে। সেখানে ১৫০ জন শ্রমিক উৎপাদন কাজে নিয়োজিত রয়েছে। এ কারখানা কোন শিল্পের অন্তর্গত?
ক ক্ষুদ্রশিল্প খ মাঝারি শিল্প
গ সেবাশিল্প ঘ বৃহৎশিল্প

৩৪. পণ্য বাজারজাতকরণের জনপ্রিয় উপায়ের নাম হলো—
ক কপিরাইট চুক্তি খ পেটেন্ট চুক্তি
গ ট্রেডমার্ক চুক্তি ঘ ফ্রানসাইজিং চুক্তি

৩৫. ট্রেড মার্ক রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?
ক এগার বছরের খ নয় বছরের
গ সাত বছরের ঘ পাঁচ বছরের

৩৬. মানুষ অসম্ভবকে সম্ভব করে তোলে কোনটির মাধ্যমে?
ক অর্থ খ প্রযুক্তি
গ মেধা সম্পদ ঘ প্রশিক্ষণ

৩৭. বাংলাদেশ বিমান একটি রাষ্ট্রীয় ব্যবসায়। এটির মুনাফা জমা হবে—
ক সরকারি তহবিলে খ কেন্দ্রীয় ব্যাংকে
গ বাণিজ্যিক ব্যাংক ঘ সমবায় ব্যাংকে

৩৮. প্রাইভেট কোম্পানি শেয়ার—
i. হস্তান্তর অধিকার সীমিত
ii. শুধু কোম্পানির সদস্যগণ ক্রয় করতে পারেন
iii. সদস্যসংখ্যা সর্বোচ্চ ৫০ জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৯. কোন অংশীদার ব্যবসায়ের কোন কাজে তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধ নয়?
ক সাধারণ অংশীদার খ নামমাত্র অংশীদার
গ আপাতদৃষ্টিতে অংশীদার ঘ ঘুমন্ত অংশীদার

৪০. কোন বন্দরকে "Port Grando" নামে অভিহিত করা হতো?
ক চট্টগ্রাম খ খুলনা
গ কলিকাতা ঘ সপ্তগ্রাম

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ |
| ২১ | ক | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd.com